

# মালিকের গল্প

LIDA Italia
Vilius Aistis Vilimas
Tahmina Akter
4
বাংলা bn



আমার নাম মালিক এবং আমার বয়স ৩৯ বছর। আমার জন্ম আফগানিস্তানে। আমার ধর্ম আফগানিস্তানের মূল ধর্ম থেকে আলাদা।



বহু বছর ধরে, আমার ধর্মের লোকেরা নির্যাতিত হয়েছে। এটা আমার পরিবারের জন্য খুব কঠিন ছিল।



কয়েক বছর আগে একটা যুদ্ধ হয়েছিল। আমি ভয় পাচ্ছিলাম যে হয়ত আমি মারা যাব। আমি আমার পরিবার ছেড়ে ইউরোপে গিয়ে নতুন জীবন শুরু করেছি।



আমি অনেক কিলোমিটার হেঁটেছিলাম। কখনো কখনো খাবার পেতাম না, থাকার জায়গাও পেতাম না। যাদের সঙ্গে আমি যাত্রা করেছি, তাদের কয়েকজন মারা গিয়েছিলেন।




অবশেষে আমি পৌঁছাই। আমি আমার নিজের দেশের কিছু লোকের সাথে দেখা করেছিলাম যারা আমাকে সাহায্য করেছিল। আমি জানি না তাদের ছাড়া আমি কী করতাম।



আমি ভাষা শিখতে শুরু করেছিলাম, কিন্তু এটি কঠিন ছিল। আমি জানতাম যে চাকরি পাওয়ার জন্য এই ভাষায় কথা বলা গুরুত্বপূর্ণ।



আমি প্রথমে ভাষা শেখার জন্য বেশ কয়েক বছর পড়াশোনা করেছিলাম। এটা কঠিন ছিল, কিন্তু আমি নতুন নতুন জিনিস শিখতে পছন্দ করি।




পড়াশুনা শেষ করে আমি কাজ করা শুরু করেছিলাম। প্রথমে আমি একটি রেস্টুরেন্টে কাজ করতাম, তারপর শিক্ষক হয়ে গিয়েছিলাম, কারণ আমি অন্যদের সাহায্য করতে চাই।



আশা করি, আমি একদিন আফগানিস্তানে ফিরে যাব। সেখানে অনেক মানুষের সাহায্য দরকার এবং আমি তাদের সাহায্য করতে চাই।

# LIDA Stories

lidastories.net

## মালিকের গল্প


LIDA Italia
Vilius Aistis Vilimas
Tahmina Akter


CC BY